গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা - ১৭

নং- ৩৭.০০.০০০০.০৭৮.০২.০০৮.১৩- ২৬৬

তারিখঃ ১৭ বৈশাখ ১৪২১
৩০ এপ্রিল ২০১৪

বিজ্ঞপ্তি

বিষয়ঃ শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসুচির অধীনে ২০১৪-২০১৫ অর্থ বছরে গবেষণা প্রস্তাব আহবান।

উচ্চতর গবেষণা পৃষ্ঠপোষকতার মাধ্যমে উন্নত প্রযুক্তির আহরণ, উদ্ভাবন এবং প্রয়োগের বিস্তৃতি সাধন এবং তা ফলপ্রসূভাবে কাজে লাগিয়ে সর্বাধুনিক প্রযুক্তির ব্যবহার, অনুশীলন ও প্রায়োগিক দক্ষতাসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক বিজ্ঞানী, প্রযুক্তিবিদ এবং সমাজবিজ্ঞানী গড়ে তোলার লক্ষ্যে নিম্নবর্ণিত গবেষণার ক্ষেত্রসমূহে শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে সংরক্ষিত নির্ধারিত ফরমে গবেষণা প্রস্তাব সম্বলিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

- গাণিতিক বিজ্ঞান (Mathematical Sciences)
- জীবন সম্পর্কিত বিজ্ঞান (Life Sciences)
- ভৌত বিজ্ঞান (Physical Sciences)
- সামাজিক বিজ্ঞান (Social Sciences)

২। বাংলাদেশের সকল পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয় আওতাভুক্ত স্নাতকোত্তর কলেজসমূহ, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ এবং পাবলিক চিকিৎসা বিশ্ববিদ্যালয় ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়সমূহের বিভিন্ন বিভাগে কর্মরত শিক্ষক/গবেষক উচ্চতর গবেষণা সহায়তার জন্য আবেদন করতে পারবেন। আবেদন ফরমে নির্ধারিত স্থানে মুখ্য গবেষকের টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল, ফ্যাক্স নম্বর (যদি থাকে) তা আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৩। **গবেষণা সহায়তা প্রাপ্তির শর্ত সমূহঃ-**

(ক) মান সম্পন্ন দেশী, বিদেশি জার্নালে প্রকাশনা এবং গবেষণায় অভিজ্ঞতা সম্পন্ন আবেদনকারীদের অগ্রাধিকার দেয়া হবে;

(খ) আবেদনকারী গবেষক টীম/গবেষক যাঁর আন্তর্জাতিক/জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে প্রবন্ধ উপস্থাপনা বা অংশগ্রহণের অভিজ্ঞতা রয়েছে এমন আবেদনকারী প্রাধান্য পাবেন;

(গ) ন্যূনতম গবেষণা অবকাঠামো, চলমান গবেষণা সংখ্যা, গবেষণা প্রকাশনা এবং গবেষণা কর্মকান্ডের বৈদেশিক সংযোগমান সন্তোষজনক প্রতীয়মান হতে হবে;

ঘ) গবেষণার বিষয়বস্তু দেশে প্রয়োগ উপযোগী ও বর্তমান যুগের প্রেক্ষাপটে জাতীয় চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;

(ঙ) গবেষণার বিষয়ে ইতোমধ্যে সাফল্য/নির্ভরযোগ্যতা/আশাব্যঞ্জক বুৎপত্তি (Achievement) অর্জন করেছেন এমন আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে;

(চ) আবেদনকারীকে তার জানামতে তিনজন বিশেষজ্ঞের নাম (রেফারী হিসেবে) উল্লেখ করতে হবে;

(ছ) মুখ্য গবেষক ও সহ গবেষকের সম্মানী ব্যতিরেকে গবেষণা প্রকল্পের মোট ব্যয় ৩০.০০ (ত্রিশ) লক্ষ টকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে;

(জ) যে সকল গবেষণা প্রস্তাবের বিপরীতে পূর্বে কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান থেকে অর্থায়ন করা হয়েছে সে সকল গবেষণা প্রস্তাবের বিপরীতে অর্থায়ন করা হবে না;

(ঝ) গবেষণা প্রস্তাবে মুখ্য গবেষকের সাথে সহ গবেষক থাকতে হবে;

(ঞ) শিক্ষা মন্ত্রণালয়ের উচ্চতর গবেষণা কর্মসূচীর আওতায় মুখ্য গবেষকের কোন গবেষণা প্রকল্প চলমান থাকলে নতুন করে কোন গবেষণা প্রস্তাব দাখিল করা যাবে না।

৪। **সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর লিখিত আবেদনপত্র আগামী ৩০ মে ২০১৪ তারিখের মধ্যে আবশ্যিকভাবে (পাঁচ প্রস্থ আবেদনপত্র সিডিসহ) শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১নং সোনারগাঁও রোড, পলাশী, নীলক্ষেত, ঢাকা-১২০৫ -এ পৌঁছানো নিশ্চিত করতে হবে।** নির্ধারিত ফরম ছাড়া এবং নির্ধারিত সময়ের পর ও অসম্পূর্ণ কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনকারীকে গবেষণা প্রস্তাবের বিষয়বস্তুর গুরুত্ব, সাফল্য-সম্ভাবনা, গবেষণার আবশ্যকীয় বিষয়াদি ও গবেষণা খাতে ব্যয়ের যৌক্তিকতা পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রাথমিক বাছাই/জাতীয় স্টিয়ারিং কমিটির সম্মুখে প্রয়োজনে যথাসময়ে উপস্থাপন করতে হবে।

৫। গবেষণা সহায়তা কর্মসুচির যাবতীয় তথ্য সম্বলিত নীতিমালা ও আবেদন ফরম শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব-সাইট www.moedu.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

৬। তাছাড়া এ সংক্রান্ত যাবতীয় তথ্যের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব (বিশ্ববিদ্যালয়) -এর সাথেও যোগাযোগ করা যাবে।

সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯১৭৬
ই-মেইল moe.unisec17@yahoo.com

শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচি আওতায়
গবেষণা সহায়তা বিষয়ক

চুক্তিনামা

(নির্ধারিত নন-জুডিশিয়াল স্ট্যাম্পে)

আমি নিম্নস্বাক্ষরকারী ১ম পক্ষ (মুখ্য গবেষক) অদ্য .... খ্রিঃ এই মর্মে অঙ্গীকারাবদ্ধ হচ্ছি যে, শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির অধীনে আমার কর্তৃক দাখিলকৃত গবেষণা কার্যক্রম পরিচালনা ও গবেষণা প্রকল্পের অনুকূলে সরকার প্রদত্ত/প্রদেয় অর্থ ব্যয়ে নিম্নরূপ শর্তাবলী মেনে চলব। এর অন্যথা হলে বিধি মোতাবেক সরকার যেরূপ সিদ্ধান্ত গ্রহণ করবে তা নিঃশর্তভাবে মেনে চলতে বাধ্য থাকব।

শর্তাবলীঃ

(১) গবেষণার নীতিমালা মোতাবেক সরকার/যথাযথ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বিশেষজ্ঞ ও কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত মনিটরিং কমিটির মাধ্যমে সময়ে সময়ে গবেষণা অগ্রগতি পরিদর্শন, পর্যবেক্ষণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন করতে পারবে;

(২) গবেষণা অগ্রগতি সন্তোষজনক প্রতীয়মান না হলে অর্থ প্রদান স্থগিতকরণ, পুনঃতফসিলীকরণ করা যাবে বা বরাদ্দের পরিমাণ পুনঃনির্ধারণ করা যাবে;

(৩) যুক্তিযুক্ত কারণ ছাড়া গবেষণার ধারাবহিকতা ক্ষুন্ন করা হলে গবেষণা সহায়তা স্থগিত বা বাতিল করা যাবে;

(৪) গবেষণা সহায়তার অর্থ গবেষণা উপকরণ সংগ্রহ, সরকার অনুমোদিত হারে সম্মানী গ্রহণ/প্রদান, গবেষণা বৃত্তি, দেশী-বিদেশী গবেষণা সফর, গবেষণা জরীপ ব্যয়, গবেষণা সেমিনার, গবেষণা প্রকাশনা এবং গবেষণা ল্যাবরেটরী স্থাপন কাজে ব্যয় করা যাবে;

(৫) গবেষণা সহায়তার অর্থ নিছক নির্মাণ কাজ বা পূর্ত অবকাঠামো উন্নয়ন কাজে ব্যয় করা যাবেনা;

(৬) গবেষণা শেষে গবেষণা পরিচালনার স্থল বা প্রতিষ্ঠান/বিভাগ গবেষণার জন্য ক্রয়কৃত উপকরণাদি প্রাপ্তির বিষয়ে জাতীয় স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অগ্রাধিকার পাবে;

(৭) গবেষণা কর্মে স্থানীয় গবেষণা প্রতিষ্ঠান, শিল্প উদ্যোক্তা, সমাজ হিতৈষীদের গবেষণা সহযোগিতা বা অনুদান গ্রহণ করা যাবে। তবে এক্ষেত্রে প্রতিটি অনুদানের অর্থ ব্যয়ে যাতে অভারলেপিং না হয় সে লক্ষ্যে ব্যয়ের হিসাব পৃথক পৃথকভাবে সংরক্ষণ করতে হবে;

(৮) কোন কারণে গবেষণা-কর্ম পরিচালনা করা সম্ভব না হলে তা সরকারকে অবহিত করতে হবে এবং সহায়তার অর্থ ব্যয় তাৎক্ষণিকভাবে বন্ধ রাখতে হবে;

(৯) প্রতি ০৬ (ছয়) মাস অন্তর গবেষণা কর্মের অগ্রগতির একটি বস্তুনিষ্ঠ প্রতিবেদন এবং ২য়/৩য় পর্যায়ে অর্থ সহায়তার চাহিদা (যদি থাকে) সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সভাপতি, জাতীয় স্টিয়ারিং কমিটি এবং পরিচালক, ব্যানবেইস ও সচিব প্রাথমিক বাছাই কমিটি, ১ পলাশী, নীলক্ষেত, ঢাকা বরাবর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পেরণ করতে হবে;

(১০) নির্ধারিত সময়ের মধ্যে গবেষণার ফলাফর প্রাপ্তি নিশ্চিত করতে হবে;

(১১) গবেষণা কর্মসূচির আওতায় কোন প্রকার পদ সৃজন বা নিয়োগ গ্রহণযোগ্য হবেনা। কারিগরি সহায়তা, সংগ্রহ ও বিশ্লেষণে প্রয়োজন হলে চুক্তিভিত্তিক জনবল কাজ করতে পারবে । তবে এরূপ নিয়োজিত জনবল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বা সরকারের কর্মচারী বলে গণ্য হবেন না। গবেষণা প্রকল্পের অনুকূলে অনুমোদিত/প্রদত্ত/প্রদেয় অর্থ সহায়তার মধ্যে এ সকল জনবলের যাবতীয় ব্যয় নির্বাহ করতে হবে;

(১২) গবেষণা কার্যক্রমের ফলাফল প্রতিবেদনাকারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বা শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত লাইব্রেরীতে সংরক্ষণ করা হবে;

(১৩) প্রতি বছর প্রাথমিক বাছাই কমিটি গবেষণা সহায়তায় পরিচালিত কার্যক্রম মূল্যায়ন করবে ও প্রতিবেদন তৈরী করবে;

(১৪) গবেষণা ফলাফলের প্রায়োগিক ব্যবহার সম্পর্কে জাতীয় স্টিয়ারিং কমিটি সরকারকে অবহিত করবে।

(১৫) আলোচ্য প্রকল্প প্রস্তাবের বিপরীতে অন্য কোন মন্ত্রণালয়/প্রতিষ্ঠান/সংস্থা হতে আর্থিক সহায়তা গ্রহণ করা হয়নি বা ভবিষ্যতে উক্ত একই প্রকল্প প্রস্তাবের বিপরীতে অন্য কোন মন্ত্রণালয়/প্রতিষ্ঠান/সংস্থা হতে আর্থিক সহায়তা গ্রহণ করা হবে না এবং উহার ব্যত্যয় ঘটলে গ্রহণকৃত অর্থ সরকারি কোষাগারে ফেরত প্রদানে বাধ্য থাকবো।

(১ম পক্ষ)
মুখ্য গবেষকের নাম ও স্বাক্ষর
পদবীসহ সীলমোহর
তারিখঃ ....

(২য় পক্ষ)
সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Govt. of the People's Republic of Bangladesh

ফটো
(যথাযথ ভাবে সত্যায়িত)

Photo
(duly attested)

শিক্ষা মন্ত্রণালয়
Ministry of Education

শিম
MOE

উচ্চতর গবেষণা অনুদান
Grants for Advanced Research

আবেদন পত্র
Application Form

এই আবেদনের অনুদান ক্ষেত্র (একটি বাক্সে টিক দিন) This application is for a grant in (please tick one box)	□ গাণিতিক বিজ্ঞান Mathematical Sciences □ জীবন সম্পর্কিত বিজ্ঞান Life Sciences	□ ভৌত বিজ্ঞান Physical Sciences □ সামাজিক বিজ্ঞান Social Sciences

১. মুখ্য গবেষক
Principal Investigator

পদবী (বৃত্তায়ন করুন) Circle title: Mr. Ms. Dr. Prof. পুরা নামঃ Full Name:	নাম ও প্রতিষ্ঠানের ডাক ঠিকানা Name and postal address of institution
জাতীয়তাঃ Nationality: জন্ম তারিখঃ Date of birth: ফোনঃ Phone: ফ্যাক্স Fax ই-মেইলঃ Email:	
দক্ষতার ক্ষেত্র Major field of specialization	গবেষণাটি যে বিভাগ অথবা প্রতিষ্ঠানে করা হবে: Department(s) or institution where the research will be carried out

প্রতিষ্ঠান প্রধানের নাম: Name of head of the department/institution	ফোন Phone ফ্যাক্স Fax ই-মেইল E-mail

২. শিক্ষা

Education

☐ স্নাতক(সম্মান) B.S/B.Sc.	তারিখঃ date:	প্রতিষ্ঠানঃ institution:
☐ স্নাতকোত্তর Masters	তারিখঃ date:	প্রতিষ্ঠানঃ institution:
☐ এম ফিল M Phil	তারিখঃ date:	প্রতিষ্ঠানঃ institution:
☐ পি.এইচ. ডি Ph.D.	তারিখঃ date:	প্রতিষ্ঠানঃ institution:
☐ পোস্ট ডক্টরাল Post Doctoral	তারিখঃ date:	প্রতিষ্ঠানঃ institution:
☐ অন্যান্য Other Postgraduate Professional degrees	তারিখঃ date:	প্রতিষ্ঠানঃ institution:

৩. সহ-গবেষক

Co-investigator

পুরা নামঃ Full Name:	নাম ও প্রতিষ্ঠানের ডাক ঠিকানা Name and postal address of department and institution

(মুখ্য গবেষক ও সহ-গবেষক এর জীবন বৃত্তান্ত সংযুক্ত করুন)
(Attach CV of Principal and Co-investigator)

৪. গবেষণা প্রকল্প **Research Project**
প্রকল্পের শিরোনাম Project title:
প্রকল্পের সারাংশ (অনধিক ২০০শব্দ) Summary of the project (maximum 200 words)
নির্ণায়ক শব্দ (৩-৫টি ধারণা): Keywords (3 - 5 concepts):
প্রকল্প বাস্তবায়ন সময়কাল (Duration of the project)
প্রাক্কলিত ব্যয় (Estimated Cost)

৫.বর্তমানে গবেষণা সুযোগ সুবিধা(**Existing Research Facilities**)

হ্যাঁ / Yes ☐ না /No ☐

যদি থাকে, বিস্তারিত দিন। If yes, give details.

৬. আন্তর্জাতিক পর্যায়ের জার্নালে বিগত ৫ বছরে প্রকাশিত_প্রকাশনার তালিকা (গবেষণা প্রস্তাবের সাথে সম্পর্কিত) (রিপ্রিন্ট সমূহ সংযুক্ত করুন) ।

List of articles pubished during last 5 years in journals of international standard(research proposal related) (attach the reprints)

৭. তারিখ ও স্থান উল্লেখসহ গবেষণা প্রকল্পের সাথে সম্পর্কিত সেমিনার/ সিম্পোজিয়াম/কর্মশালায় বিগত ৫ বছরে প্রবন্ধ উপস্থাপন অথবা সেমিনারে অংশগ্রহণের তালিকা (যদি থাকে)।

List of presentations in seminars/symposia/workshops during last 5 years (mention place and date).

৮. প্রস্তাবিত গবেষণা প্রকল্পের লক্ষ্য ও কাংখিত ফলাফল এবং দেশ ও বিজ্ঞানের অগ্রগতির জন্য উপযোগিতা

Objectives, expected outcome of the proposed research project and its relevance in the context of the country and the advancement of science.

৯. প্রকল্পের বর্ণনা, গবেষণা ছক, সময় বিন্যাস

Research methodology and time frame

Work/Activities Plan

Activities	1st Year	2nd Year	3rd year

১০. রেফারী (ঠিকানা ও ই-মেইলসহ সম্ভাব্য রেফারীর নাম প্রদান করুন)
Referee (Give names with addresses and emails of potential referees)

১১. এই প্রকল্পে পূর্বে সহায়তা প্রদান
Previous support given to this research project

হ্যাঁ না

☐ Yes ☐ No

থেকে শিক্ষা মন্ত্রণালয় অন্যান্য (নির্দিষ্ট করুন)

From ☐ MOE ☐ Other (specify)

যদি হ্যাঁ, তবে নিম্নে সহায়তা প্রদানের ধরন ও কোন প্রোগ্রামের আওতায় প্রদান করা হয়েছে তা উল্লেখ করুন।
If yes, please specify below the type of support and the programme under which it was awarded.

১২. বিগত ৫ বছরে সমাপ্ত গবেষণা প্রকল্পের তালিকা(যদি থাকে)

List of completed research project during last 5 years(if any)

ক) প্রকল্পের শিরোনাম, Title of the project,	খ) প্রকল্পের ব্যয়, Cost of the project,	গ) অর্থায়নের উৎস, Source of funding,	ঘ) প্রকল্পের বাস্তবায়ন সময়কাল, Duration of the project

১৩. চলমান অন্য গবেষণা প্রকল্প রয়েছে কি ?

Whether any other current research project?

হ্যাঁ /Yes ☐ না/No ☐

হ্যাঁ হলে, উল্লেখ করুন,

If yes, mention,

ক) প্রকল্পের শিরোনাম,Title of the project,

খ) প্রকল্পের ব্যয়, Cost of the project,

গ) অর্থায়নের উৎস, Source of funding,

ঘ) প্রকল্পের বাস্তবায়ন সময়কাল, Duration of the project,

আরম্ভের তারিখ,Start date,----------------,সমাপ্তির তারিখ, End date,----------------

১৪. প্রস্তাবিত গবেষণা প্রকল্পের হিসাবকৃত বাজেট

Estimated budget for the proposed research project

প্রয়োজনীয় উপকরনাদি (নির্দিষ্ট করুন) items needed (please specify)	সার্বিক খরচ (বাংলাদেশ টাকা) Total cost (BD: TK)		
	1st Year	2nd Year	3rd Year
a. যন্ত্রপাতি Equipment			
আংশিক মোট Subtotal a			
b. মনোহারী দ্রব্যদি Consumable laboratory supplies			
আংশিক মোট Subtotal b			
c.পাঠ সামগ্রি Literature			
আংশিক মোট Subtotal c			
d. গবেষণা সফর (সেমিনার /সেম্পোজিয়াম/ কর্মশালা) Scientific Visit (Seminar/Symposium/Workshop)			
আংশিক মোট Subtotal d			
e. সম্মানী Honorarium গবেষণা সহকারী ও সাপোর্ট স্টাফ Research Assistants & Support Staffs			
আংশিক মোট Subtotal e			
f. রিপোর্ট প্রণয়ন Report Preparation			
আংশিক মোট Subtotal f			
g. প্রকাশনা চার্জ Publication Charge			
আংশিক মোট Subtotal g			
h. অন্যান্য যাবতীয় Miscellaneous			
আংশিক মোট Subtotal h			
সর্বমোট **TOTAL** (a+ b+ c+ d+ e+ f+ g+ h)			Tk:
কথায় In words:			

১৫. মুখ্য গবেষকের স্বাক্ষর

Signature of Principal Investigator

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে অঙ্গীকার করছি যে, এই আবেদনপত্রে প্রদেয় তথ্যাদি সত্য ও নির্ভুল। কোন তথ্য ভুল বা অসত্য প্রমানিত হলে, অনুমোদিত প্রকল্প বাতিল করা সহ কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।

I undersigned hereby declare that all the information given is true and correct. If found untrue and incorrect, authority can cancelled the approved project and take any decision.

Signature.. .

স্বাক্ষর স্থান ও তারিখ

Place and date

প্রতিষ্ঠান প্রধানের সহায়তা প্রদানের অঙ্গীকার

SUPPORTING STATEMENT OF HEAD OF INSTITUTION

Recommendation of the Head of the Department/Institution:

(Please attach separate sheet if necessary)

এ গবেষণা প্রস্তাবটি প্রেরণ করা হলো এবং এ প্রোগ্রামের আওতায় (প্রয়োজন বোধে) জনবল, স্থান ,যন্ত্রপাতি সুবিধাসহ প্রতিষ্ঠানের সুযোগ-সুবিধাদি আবেদনকারীকে প্রদান করা হবে মর্মে প্রতিশ্রুতিসহ প্রকল্পটি অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

This proposed research project approved and the facilities (if necessary) of the institution, including personnel, buildings, equipment support will be provided to the applicant in accordance with the specifications within this application. Recommended for approval.

পুরা নাম ও পদবী, Full name and title	স্বাক্ষর Signature	স্থান ও তারিখ Place and date

সিল

Seal